

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।

জানুয়ারী ২০২৪ হতে মার্চ ২০২৪ সময়কালের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	:	জনাব মোঃ ফাতেহু খান, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা (সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি)
তারিখ ও সময়	:	৩১/০৩/২০২৪ খ্রিঃ, সময় : বিকাল : ৪.০০ ঘটিকা
স্থান	:	বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা এর অফিস কক্ষ





০১। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে আলোচনা করেন এবং অত্র বিভাগাধীন আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহে যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপ করেন। শুধুমাত্র পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে কার্যক্রম গ্রহণ না করে প্রকৃত শুদ্ধাচার চর্চা করার জন্য তিনি উপস্থিত সকলকে পরামর্শ দেন। অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে পরিবেশ বান্ধব ব্যাংকিং কার্যক্রমের প্রতি সকলকে সম্পৃক্ত করার বিষয়টি উল্লেখ করেন।

০২। কর্মক্ষেত্রে, ব্যক্তিগত ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি বলেন যে, কোনো প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার কোন বিকল্প নাই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতা/উন্নয়নের অন্যতম শর্ত, তবে এর নেতিবাচক প্রয়োগ কখনই কল্যাণ বয়ে আনতে পারে না। তাই দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্য নিষ্ঠা, সততা, নিয়মানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য ইত্যাদি বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন অপরিহার্য। **পরিবেশ বান্ধব ব্যাংকিং কার্যক্রমে সকলকে সম্পৃক্ত করা, তথ্য প্রযুক্তির নিরাপত্তা সংক্রান্ত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ, উন্নত কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।**


০৩। সভায় উপস্থিত সকল সদস্যগণ অভিমত ব্যক্ত করেন যে, বর্তমানে ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সমন্বয়গামী পদক্ষেপ গ্রহণ করা অতীব জরুরী। এ পর্যায়ে অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও নিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা “২০২৩-২০২৪” এর অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- অত্র কার্যালয়ের কাজের গুণগত মান ও উন্নত কর্মপরিবেশ সৃষ্টিতে শুদ্ধাচার চর্চা করতে হবে, পাশাপাশি অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।
- বিশেষ করে অভ্যন্তরীণ নিরীক্ষা ও বাণিজ্যিক নিরীক্ষার (AMMS 2.0) অনুচ্ছেদওয়ারী জবাবের মাধ্যমে নিষ্পন্নমূলক অনুচ্ছেদ প্রেরণ করতে হবে।
- অনিয়ম দূরীকরণ ও কর্মক্ষেত্রে গতিশীলতা আনতে হবে। সহকর্মীদের প্রতি সহযোগীতামূলক মনোভাব পোষন করতে হবে।
- কার্যালয়ের কর্মপরিবেশ সুশৃংখল রাখতে কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হতে হবে। স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে। **তাহাড়া বায়ু দূষণ এবং ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে রক্ষা পেতে কর্মক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।**
- BKB Code of Conduct ও বিকেবি, কর্মচারী আচরণ বিধি বাস্তবায়নে সকলকে সদা সচেত্ব থাকতে হবে।

সভার উপস্থিতিঃ

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব এ.এস.এম সাদাত নওয়াজ	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০২	জনাব মোঃ রুহুল আমিন	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০৩	জনাব নজরুল ইসলাম	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০৪	জনাব মোঃ ইফরান হায়দার	পরিদর্শক	

সভাপতি সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৩-০৪-২০২৪

(মোঃ ফাতেহু খান)

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

ও


সভাপতি

শুদ্ধাচার/২০২৩-২০২৪/ ১১৮৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ/পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম বিভাগ।

তারিখঃ ০১-০৪-২০২৪।


এ.এস.এম সাদাত নওয়াজ
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা